

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৬২
কাঞ্চনপুর, ৬ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০
দশদা ব্লকে প্রস্তুতি সভা

দ্বিতীয় পর্যায়ের প্রতিঘরে সুশাসন অভিযান সফল করে তুলতে সম্প্রতি দশদা ব্লকে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন এমডিসি শৈলেন্দ্র নাথ, দশদা বিএসি'র চেয়ারম্যান উদারাম রিয়াং, ভাইস চেয়ারম্যান সঞ্জিত রিয়াং, দশদা ব্লকের অতিরিক্ত বিডিও প্রশান্ত চক্রবর্তী ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় ৯ নভেম্বর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত দশদা ব্লকে প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০ কে সফল করে তুলতে বিস্তারিত আলোচনা করা হয়।
